নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমাযানের শেষ দশক ই‘তিকাফ করতেন। তাঁর ওফাত পর্যন্ত এই নিয়মই ছিল। এরপর তাঁর সহধর্মিণীগণও (সে দিনগুলোতে) ই‘তিকাফ করতেন।

নবী সহধর্মিণী মুমিনগণের মা ‘আয়িশাহ্ রাদিয়াল্লাহু আনহা হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রমাযানের শেষ দশক ই‘তিকাফ করতেন। তাঁর ওফাত
পর্যন্ত এই নিয়মই ছিল। এরপর তাঁর সহধর্মিণীগণও (সে দিনগুলোতে) ই‘তিকাফ করতেন।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

মুমিনদের মা, আয়েশা রাদিয়াল্লাহু আনহা বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম রমযানের শেষ দশ দিন কদরের রাতের সন্ধানে ই‘তিকাফ করতেন এবং তিনি অব্যাহতভাবে আল্লাহ তাকে তুলে না নেওয়া পর্যন্ত তা করতে থাকেন। আর তাঁর পরে তাঁর স্ত্রীগণ রাদিয়াল্লাহু আনহুন্না ই‘তিকাফ পালন করতেন।

https://sunnah.global/hadeeth/bn/show/4495